

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২৯১

আগরতলা, ২৬ মার্চ, ২০২৪

বাংলাদেশের স্বাধীনতা ও জাতীয়
দিবস উদযাপন অনুষ্ঠানে রাজ্যপাল



আগরতলার পোলো টাওয়ার্স হোটেলে আজ সন্ধ্যায় আগরতলাস্থিত বাংলাদেশের অ্যাসিস্টেন্ট হাই কমিশন অফিসের উদ্যোগে বাংলাদেশের স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। অনুষ্ঠানে রাজ্যপাল বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাসের কথা তুলে ধরে বলেন, ভারত-বাংলাদেশের মধ্যে যোগাযোগ আরও সুদৃঢ় হলে দুই দেশের বাণিজ্যিক ও পর্যটনের বিকাশ ত্বরান্বিত হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশের অ্যাসিস্টেন্ট হাই কমিশনার আরিফ মোহাম্মদ, ফাস্ট সেক্রেটারি মহম্মদ এল আমিন, ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি অরিন্দম লোধ, বিচারপতি বি পালিত প্রমুখ। এ উপলক্ষে এক সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়।
